দৈনিক ইত্তেফাক

২০

তারিখ 22 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২৭

# ষষ্ঠ হইতে দশম শ্রেণী পর্যন্ত প্রতি বিষয়ে তিনটি পুস্তক প্রকাশের সিদ্ধান্ত

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, শিক্ষা প্রশাসনে তদারকী ও পরিদর্শন ব্যবস্থা জোরদার করিয়া শিক্ষা ক্ষেত্র হইতে অনিয়ম, বিশৃংখলা দূরীকরণে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। মন্ত্রী গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় সভাপতির ভাষণ দিতেছিলেন।

(২য় পৃঃ দ্রঃ)

## ষষ্ঠ হইতে দশম

(১ম পৃঃ পর)

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মাধ্যমিক, কলেজ, কারিগরি ও মাদ্রাসাসমূহ এ বছর বৃক্ষ রোপণ অভিযান চালু করিবে। অন্যথায় যেসব শিক্ষা প্রতিষ্ঠান এই কর্মসূচী নিতে ব্যর্থ হইবে ঐসব শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান বন্ধসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

সভায় ৬ষ্ঠ হইতে দশম শ্রেণী পর্যন্ত বর্তমানে একটির স্থলে তিনটি করিয়া প্রত্যেক বিষয়ের উপর পাঠ্য বই প্রকাশ করা হইবে। ইহার ফলে সুষ্ঠু প্রতিযোগিতা সৃষ্টি হইবে এবং পাঠ্য পুস্তকের মান উন্নত হইবে। এসব পুস্তক বেসরকারী প্রকাশনা সংস্থাসমূহ প্রকাশ করিবে এবং জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড এইগুলি অনুমোদন করিবে। সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, আর কোন নূতন আলেম, ফাজেল ও কামেল পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হইবে না। সভায় শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগকে এ বছরের উন্নয়ন পরিকল্পনায় গৃহীত প্রাথমিক বিদ্যালয়সমূহের কাজের অগ্রগতি সম্পর্কে রিপোর্ট পেশ করিতে বলা হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মানিকগঞ্জ জেলার সাটুরিয়াসহ বিভিন্ন ঘূর্ণি উপদ্রুত এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহের মেরামতের জন্য প্রতি বিদ্যালয়কে ১২ বাণ্ডিল করিয়া মোট ২০৪ বাণ্ডিল ঢেউটিন প্রদান করিবে এবং স্থানীয় কর্তৃপক্ষ মেরামতের বাকী ব্যয়ভার বহন করিবে। —তথ্য বিবরণী।